

১০০০ টাকা মূল্যমান ব্যাংক নোটের ডিজাইন ও নিরাপত্তা বৈশিষ্ট্য



নোটের সম্মুখভাগ



নোটের পেছনভাগ

১. গভর্নর ড. আহসান এইচ মনসুর স্বাক্ষরিত এ নোটের আকার নির্ধারিত হয়েছে ১৬০ মি.মি. × ৭০ মি.মি.। নোটটিতে মোট ১৩ ধরনের নিরাপত্তা বৈশিষ্ট্য সংযোজন করা হয়েছে।
২. নোটটি ১০০% কটন কাগজে মুদ্রিত।
৩. নোটে জলছাপ হিসেবে রয়েল বেঙ্গল টাইগার এর মুখ; এর নিচে উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 1000 ও বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম রয়েছে।
৪. নোটটিতে বেগুনি রঙের আধিক্য রয়েছে।
৫. নোটটির সম্মুখভাগের ডিজাইন হিসেবে বামপাশে জাতীয় স্মৃতিসৌধ, সাভার এবং নোটের মাঝখানে 'প্রতিশ্রুত বাক্য' (Guarantee clause) ও মূল্যমান (এক হাজার টাকা) এবং ব্যাকগ্রাউন্ডে পাতা ও কলিসহ প্রস্তুতি জাতীয় ফুল শাপলা'র ছবি মুদ্রিত রয়েছে।
৬. নোটের পেছনভাগে ডিজাইন হিসেবে জলছাপ এলাকার ডানপাশে জাতীয় সংসদ ভবন, ঢাকা এর ছবি মুদ্রিত রয়েছে।
৭. নোটের সম্মুখভাগে জাতীয় স্মৃতিসৌধ, সাভার এর ছবি, 'বাংলাদেশ ব্যাংক', 'প্রতিশ্রুত বাক্য' (Guarantee clause), বাংলা ও ইংরেজিতে মূল্যমান, নোটের ডানদিকে আড়াআড়িভাবে ইন্টাগ্লিও কালিতে ৬টি লাইন, নোটের পেছনভাগে জাতীয় সংসদ ভবন, ঢাকা এর ছবি, সকল মূল্যমান (অংকে ও কথায়), বাংলাদেশ ব্যাংক এর মনোগ্রাম, BANGLADESH BANK ইত্যাদি ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত; যা হাতের স্পর্শে সহজেই অনুভব করা যাবে।
৮. নোটের ডানে নীচের দিকে দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য ৬টি ছোট বৃত্ত রয়েছে যা হাতের স্পর্শে অসমতল অনুভূত হবে।
৯. নোটটির সম্মুখভাগে বামপাশে ৫ মি.মি. চওড়া নিরাপত্তা সুতা সংযোজন করা হয়েছে যাতে 'বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম' এবং '১০০০ টাকা' খচিত রয়েছে। নোটটি নাড়াচাড়া (Tilt) করলে 'বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম' অংশের নিরাপত্তা সুতার রং লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয় এবং '১০০০ টাকা' অংশে একটি উজ্জ্বল রংধনু বার উপর থেকে নীচে উঠানামা করে।
১০. নোটের ডানদিকে কোনায় মুদ্রিত মূল্যমান '1000' রং পরিবর্তনশীল উন্নতমানের নিরাপত্তা কালি দ্বারা মুদ্রিত; নোটটি নাড়াচাড়া(Tilt) করলে এর রং ম্যাজেন্টা থেকে সবুজ রংয়ে পরিবর্তিত হয় এবং মূল্যমানের ভেতরে কোনাকুনিভাবে মুদ্রিত '১০০০' লেখাটি দৃশ্যমান হয়।
১১. নোটের সম্মুখভাগের বামদিকে 'BANGLADESH BANK' লেখার নিচে, Microprint হিসেবে উল্লম্বভাবে 'BANGLADESH BANK' মুদ্রিত রয়েছে। এছাড়া, পেছনভাগে বামদিকের উপরে '১০০০' এবং নিচে '1000'

- লেখার ব্যাকগ্রাউন্ডে 'BANGLADESH BANK' এবং এর নিচে 'ONE THOUSAND TAKA' পুনঃপুনঃ মুদ্রিত রয়েছে; যা শুধু Magnifying Glass দ্বারা দেখা যাবে ।
১২. নোটের সম্মুখভাগের পাতা ও কলিসহ প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা UV fluorescence(Magenta) ink দ্বারা মুদ্রিত যা UV detector machine দ্বারা সহজে দৃষ্টিগোচর হবে ।
১৩. নোটের সম্মুখভাগে জাতীয় স্মৃতিসৌধের লাল অংশটি IR absorbent ink দ্বারা মুদ্রিত যা IR detector machine দ্বারা দৃশ্যমান হবে ।
১৪. নোটটিতে গভর্নর স্বাক্ষরের ডানপাশে See-Through image হিসেবে একটি প্যাটার্ন মুদ্রিত রয়েছে যা আলোর বিপরীতে ধরলে '১০০০' লেখা দৃশ্যমান হবে ।
১৫. নোটের সম্মুখভাগে নীচের দিকের বর্ডারের মাঝখানে কালো অংশে গুপ্তভাবে '1000' লেখা আছে; যা নোটটি আনুভূমিকভাবে ধরলে দেখা যাবে ।
১৬. নোটের পেছনভাগে 'Iridescent Stripe' হিসেবে উল্লম্বভাবে হালকা সোনালী রংয়ে 'BANGLADESH BANK' মুদ্রিত রয়েছে ।
১৭. নোটের কাগজে লাল, নীল ও সবুজ রংয়ের অসংখ্য fiber রয়েছে যা UV detector machine দ্বারা দৃশ্যমান হয় ।